গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

স্মারক- ৪৩.০০.০০০০.১১২.৯৯.০০৫৩.২৫-৬১০

৩১ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
তারিখ:
১৫ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: 'নজরুল বর্ষ' এর লোগো সরকারি দপ্তরের সকল সরকারি পত্রে ব্যবহার।**

উপর্যুক্ত বিষয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক 'নজরুল বর্ষ' পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ২৩ মে ২০২৬ তারিখে ২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ খ্রিস্টাব্দ পর্যন্ত 'নজরুল বর্ষ' হিসেবে ঘোষণা করা হয়। অত:পর এ বিষয়ে গত ২১ জুন ২০২৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রজ্ঞাপন জারি করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ০২ জুলাই ২০২৬ তারিখে 'নজরুল বর্ষ' এর লোগো উন্মোচন করা হয়। 'নজরুল বর্ষ' পালনের অংশ হিসেবে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার সকল সরকারি পত্রে 'নজরুল বর্ষ' এর লোগো ব্যবহার করা হচ্ছে।

এমতাবস্থায়, জাতির কর্মে ও মননে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এর উপস্থিতিকে জাগ্রত রাখার প্রয়াসে 'নজরুল বর্ষ' এর অনুমোদিত লোগো সকল সরকারি দপ্তরের সকল সরকারি পত্রে ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ('নজরুল বর্ষ' এর লোগো)।

১৫.০৭.২৬

(ফারজানা জেস্‌মিন)
উপসচিব
ফোন: ৫৫১০০৭৩৮
e-mail: ds_admin2@moca.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
০২। একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
০৩। একান্ত সচিব, সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫। অফিস কপি।



# নজরুল বর্ষ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ শাখা
www.cabinet.gov.bd

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৭.২৬.৪৬৫

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩৩
২৬ জুলাই ২০২৬

বিষয়: **দাপ্তরিক পত্রে 'নজরুল বর্ষ'-এর নির্ধারিত লোগো ব্যবহার।**

সূত্র: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ১৫ জুলাই ২০২৬ তারিখের ৪৩.০০.০০০০.১১২.৯৯.০০৫৩.২৫-৬১০ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার ২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত সময়কে 'নজরুল বর্ষ' হিসেবে ঘোষণা করেছে। এ উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী ০২ জুলাই ২০২৬ তারিখে 'নজরুল বর্ষ'-এর লোগো উন্মোচন করেছেন। জাতীয় কবি কাজী নজরুল ইসলামের আদর্শ, চেতনা ও সৃষ্টিকে জাতির কর্ম ও মননে সমুন্নত রাখার প্রয়াসে এবং যথাযোগ্য মর্যাদায় 'নজরুল বর্ষ' উদ্‌যাপনের অংশ হিসেবে ২৫ মে ২০২৭ পর্যন্ত সকল দাপ্তরিক পত্রে 'নজরুল বর্ষ'-এর নির্ধারিত লোগো ব্যবহারের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় অনুরোধ জানিয়েছে।

২। এমতাবস্থায়, স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর, দপ্তর/পরিদপ্তর, সংস্থা ও অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে ২৫ মে ২০২৭ পর্যন্ত সকল দাপ্তরিক পত্রে 'নজরুল বর্ষ'-এর নির্ধারিত লোগো যথাযথভাবে ব্যবহারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: নজরুল বর্ষ–এর নির্ধারিত লোগো।

**সংযুক্তিসমূহঃ**

(১) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পত্র
(২) প্রজ্ঞাপন
(৩) নজরুল বর্ষ'–এর নির্ধারিত লোগো।

২৬-০৭-২০২৬
তানিয়া আফরোজ
উপসচিব
ফোন : ২২৬৬৪১০৪৮
ইমেইল : general_sec@cabinet.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। সিনিয়র সচিব/সচিব (সকল)।
৩। সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৪। কমিশনার (সকল বিভাগ)।
৫। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৬। জেলা প্রশাসক (সকল)।
৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৭.২৬.৪৬৫/১ (১)

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩৩
২৬ জুলাই ২০২৬

অনুলিপি:
মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ।



২৬-০৭-২০২৬
তানিয়া আফরোজ
উপসচিব

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ২১, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৭ আষাঢ় ১৪৩৩/ ২১ জুন ২০২৬

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৭.২৬.৩৮৭—সরকার ২৫ মে ২০২৬ হতে ২৫ মে ২০২৭ পর্যন্ত ‘নজরুল বর্ষ’ হিসেবে পালনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। এ ঘোষণা ২৫ মে ২০২৬ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

নাসিমুল গনি
মন্ত্রিপরিষদ সচিব

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০